বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৩
হাদির মোড়,রাজশাহী

এতদ্বারা বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ব্যবস্থাপনা কমিটির ২৮-১-২০২৩ তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৫-০৪-২০২৩ খ্রি: তারিখ সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীন ভাবে সমিতির কার্যালয়ে সমিতির উপ-আইন অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির একজন সভাপতি, একজন সহ-সভাপতি,একজন সম্পাদক ছয় জন সদস্যসহ সর্বমোট ০৯ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচন বিষয়ে নির্বাচন কমিটির ২৮-২-২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধন,২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধন২০২০) অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্বাচনী তফসিল ঘোষণা করা হল।

নির্বাচনী তফসিল

| ক্র:নং | বিষয় | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়নপত্র বিতরণ | ০৭/৩/২০২৩ ও ০৯/৩/২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৩টা | মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বোয়ালিয়া,রাজশাহী এর কার্যালয় |
| ২ | মনোনয়নপত্র জমা | ১২/৩/২০২৩ ও ১৩/৩/২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৩টা | মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বোয়ালিয়া,রাজশাহী এর কার্যালয় |
| ৩ | মনোনয়নপত্র বাছাই | ১৪/৩/২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৪টা | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |
| ৪ | মনোনয়নপত্র বাছাই শেষে প্রার্থীদের খসড়া তালিকা প্রকাশ | ১৪/৩/২০২৩ | বিকাল ৪টা | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |
| ৫ | মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপিল আবেদন দাখিল সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৯ বিধি মতে | ১৫/৩/২০২৩ ও ১৬/৩/২০২৩ | অফিস চলাকালীন সময়ে | নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর,ঢাকা |
| ৬ | আপিলের শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৯(২) বিধি মতে | ১৯/৩/২০২৩, ২০/৩/২০২৩ ও ২১/৩/২০২৩ | আপিল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | |
| ৭ | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ২২/৩/২০২৩ | বিকাল ৩টা | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |
| ৮ | মনোনয়নপত্র প্রত্যাহার(স্বশরীরে লিখিত আবেদনের প্রেক্ষিতে) | ২৩/৩/২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৩টা | মেট্রোপলিটন থানা সমবায় অফিসার বোয়ালিয়া,রাজশাহীর অফিস কক্ষ |
| ৯ | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ২৩/৩/২০২৩ | বিকাল ৪টা | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |
| ১০ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ(প্রযোজ্য ক্ষেত্রে) | ২৩/৩/২০২৩ | বিকাল ৪টা | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |
| ১১ | ভোট গ্রহণ | ০৫/৪/২০২৩ | সকাল ১০টা হইতে দুপুর ২টা | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |
| ১২ | ভোট গণনা ও ফলাফল প্রকাশ | ০৫/৪/২০২৩ | ভোট গ্রহণের পর | বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর অফিস কক্ষ |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক :

| ক্রঃ নং | পদবী | প্রতীক সমূহ |
|---|---|---|
| ১ | সভাপতি | আম, চেয়ার, ছাতা, তালা-চাবি |
| ২ | সহসভাপতি | আনারস, হারিকেন, উড়োজাহাজ,তলোয়ার |
| ৩ | সম্পাদক | বই, ফ্যান, মাছ, মই |
| ৪ | সদস্য | টেলিভিশন, সাইকেল, টেবিল, দেয়ালঘড়ি, কলম,মোরগ, কলস, মোমবাতি, ঘুড়ি, কুড়াল |

নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয় :

১। বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর নির্বাচনে যে পদের জন্য প্রার্থী হতে ইচ্ছুক সে পদ উল্লেখ পূর্বক (ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত নির্বাচনী এলাকা মোতাবেক) প্রার্থী নিজে অথবা লিখিতভাবে তার প্রতিনিধির মাধ্যমে নির্বাচন

কমিটির নিকট হতে তফসিলে উল্লেখিত তারিখ,সময় ও স্থান হতে বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর ব্যবস্থাপনা কমিটির গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সভাপতি পদের জন্য ১০০০/(এক হাজার) টাকা, সহ-সভাপতি পদের জন্য ১০০০/-(এক হাজার) টাকা এবং সদস্য পদের ৫০০/-(পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্য সমিতিতে রশিদ মূলে পরিশোধ করে আবেদনের মাধ্যমে মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে।

২। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকার মনোনয়নপত্র বা তার ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৩। বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর ০৫-৪-২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি,সহসভাপতি,সম্পাদক ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ভোটার ও মনোনয়ন প্রার্থীদের ক্ষমতা প্রদান করতে হবে। এক্ষেত্রে সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি যে পদে প্রতিদ্বন্দিতা করার জন্য ক্ষমতা প্রদান করেছে প্রতিনিধি সেই পদ ব্যতীত অন্য কোন পদের জন্য মনোনয়নপত্র দাখিল করতে পারবেনা। উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি এবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক তা প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধির সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ধারা এবং ১৯(২) ধারা ও সমবায় সমিতি বিবিধমালা, ২০০৪ (সংশোধিত-২০২০) এর ২৪ বিধি এবং সমবায় ব্যাংক লিঃ রাজশাহীর উপআইন অনুযায়ী যোগ্য/অযোগ্য কিনা সে বিষয়ে সদস্য সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। এবং তা সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় আফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নামসহ সিল ব্যবহার এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৫। সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা প্রতিনিধির নিকট বিধি দ্বারা নির্ধারিত ছকে পরিচয় পত্র থাকতে হবে। পরিচয়পত্র সদস্য সমিতির সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। পরিচয়পত্রে সংশ্লিষ্ট সমিতির সীলমোহর অবশ্যই থাকতে হবে।

৬। মনোনয়নপত্র নির্ভূলভাবে পূরণ করতঃ তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রার্থী নিজে কিংবা লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট সরাসরি দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর সদস্য সমিতির সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং তাতে সমিতির সীল মোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।

৭। মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে

(ক) মনোনয়ন সংক্রান্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ছায়ালিপি সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা সমবায় অফিসার/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত অনুলিপি দাখিল করতে হবে;

(খ) প্রতিনিধির পরিচয়পত্রের কপি সংযোজন করতে হবে;

(গ) চাহিত প্রতীকের নাম মনোনয়নপত্রে উল্লেখ থাকতে হবে;

(ঘ) সমিতির সভাপতি/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় কর্তকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রার্থীর ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

(ঙ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(চ) নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সমিতিতে ঋণ খেলাপী হলে তা মনোনয়ন পত্র দাখিলের পূর্বে পরিশোধের প্রমাণক;

(জ) মনোনয়ন পত্র ক্রয়ের মূল রশিদ।

৮। প্রতিদ্বন্দী প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

৯। সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২) এর ৩৩(৩) বিধি অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্ধারিত ফরমে পরিচয় পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার সিদ্ধান্তের ছায়ালিপি সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত করে নির্বাচন কমিটিকে দেখাতে হবে।

১০। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি আইন ২০০২(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ৮৭,৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক প্রত্যয়ন থাকতে হবে এবং তা সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। প্রত্যয়ন পত্র পরিচয় ফর্মের সাথে সংযুক্ত করতে হবে।

১১। একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বর্হিভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন না।

১২। অসম্পূর্ন,ঘষামাজা করা,ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত মনোনয়নপত্র সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৮(১) বিধি মোতাবেক বাতিল বলে গণ্য হবে।

১৩। অবসায়নে ন্যাস্ত ,সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক অযোগ্য কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করতে পারবেন না।

১৪। সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এবং বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর উপআইনের সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করে নির্বাচন পরিচালনা করা হবে।

১৫। ভোট কেন্দ্রের ভিতর কোন প্রার্থী বা ভোটার মোবাইল,ক্যামেরা বা অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করতে পারবেন না।

১৬। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে

১৭। সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ২৮(২) বিধি মোতাবেক প্রার্থীর দাখিলকৃত মনোনয়ন পত্রের সংগে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবে।

১৮। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

| | | |
|---|---|---|
| 02/03/23 | 02-3-23 | 2/3/23 |
| (মোছাঃ নাছিমা খাতুন)<br>সদস্য, নির্বাচন কমিটি<br>বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ<br>ও<br>মেট্রোপলিটন থানা সমবায় অফিসার<br>বোয়ালিয়া,রাজশাহী | (মোঃ সুলতানুল ইসলাম)<br>সদস্য, নির্বাচন কমিটি,<br>বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ<br>ও<br>উপজেলা সমবায় অফিসার<br>পবা, রাজশাহী। | (মোঃ সাইদুর রহমান)<br>সভাপতি, নির্বাচন কমিটি,<br>বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ<br>ও<br>জেলা সমবায় অফিসার<br>রাজশাহী। |

স্মারক নং-নি:ক:-০২ তারিখ- ০২-০৩-২০২৩খ্রি:

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো</u>

১। সভাপতি, বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ,হাদির মোড়,রাজশাহী। তাঁকে বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর সকল সদস্য সমিতির নিকট নির্বাচনী তফসিল যথাসময়ে সরবরাহ নিশ্চিত করা সহ ব্যপক প্রচারণার জন্য একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো

২। জেলা সমবায় অফিসার,................................... তাঁর জেলার সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার এর নিকট এবং বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর সক্রিয় সদস্য সমিতিতে তফসিলটি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। খসড়া ভোটার তালিকা সংযুক্ত করা হলো

৩। উপ-নিবন্ধক কৃষি ঋণ, সমবায় অধিপ্তর, ঢাকা

৪। যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী/রংপুর/খুলনা

৫। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ঢাকা ও নির্বাচনী আপীল কর্তপক্ষ

৬। বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায় ফেডারেশন লিঃ এর নোটিশ বোর্ড

2/3/23
(মোঃ সাইদুর রহমান)
সভাপতি, নির্বাচন কমিটি
বাংলাদেশ জাতীয় আঁখচাষী সমবায়
ফেডারেশন লিঃ ও
জেলা সমবায় অফিসার,রাজশাহী